



## প্রেস বিজ্ঞপ্তি

### বন্যাভুক্ত এলাকায় নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানে বিটিআরসিতে মনিটরিং সেল গঠন

ঢাকা, ১৯ জুন ২০২২।

দেশে বিদ্যমান বন্যা পরিস্থিতির প্রেক্ষাপটে দূর্গত এলাকাসমূহে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) একটি শক্তিশালী মনিটরিং সেল গঠন করা হয়েছে। কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারের সরাসরি তত্ত্বাবধানে বিটিআরসি'র ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন বিভাগের একজন পরিচালকের নেতৃত্বে সংশ্লিষ্ট বিভাগ ও শাখাসমূহের কর্মকর্তাদের সমন্বয়ে উক্ত সেল বন্যাভুক্ত এলাকার মোবাইল নেটওয়ার্ক, অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন ব্যবস্থা, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার ও ব্যান্ডউইথ ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়গুলো নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

বর্তমানে বন্যাভুক্ত এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর কার্যক্রমকে সহজতর করার লক্ষ্যে বিটিআরসির উদ্যোগে টেল গ্রিট নাম্বার চালু করা হয়েছে। এছাড়া, এই কার্যক্রমকে অধিক সহজতর করার জন্য কমিশন থেকে ২০টি (বিশ) মোবাইল হ্যাণ্ডসেট সরবরাহ করা হয়েছে। বিটিআরসি'র লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের মাঠ পর্যায়ের কর্মীগণ বন্যাভুক্ত এলাকার সর্বশেষ অবস্থার হালনাগাদ তথ্য কমিশনকে অবহিত করছে এবং মনিটরিং সেলের নির্দেশনায় কার্যকরী টেলিযোগাযোগ সেবা নিশ্চিত করে যাচ্ছে। সরেজমিনে বন্যাভুক্ত এলাকা পরিদর্শনে প্রতীয়মান হয়েছে যে, বর্তমানে সুনামগঞ্জ, সিলেট এবং নেত্রকোণায় টেলিযোগাযোগ অবকাঠামো প্রায়ই অচল হয়ে পড়েছে এবং পানির অবাধ প্রবাহের কারণে মোবাইল নেটওয়ার্ক অবকাঠামো পুনরায় সচলের কাজটি চ্যালেঞ্জিং হয়ে পড়েছে। এতদসত্ত্বেও, সংশ্লিষ্ট মোবাইল অপারেটর, এনটিটিএন অপারেটর, আইএসপি সেবাদাতা প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানের কর্মীদের মাধ্যমে নেটওয়ার্ক সচল ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় জেনারেটর, অপটিক্যাল ফাইবার ও পর্যাপ্ত জ্বালানী তেলের যোগান দেওয়ার ব্যবস্থা চলমান আছে।

গত ১৭/০৬/২০২২ খ্রিঃ, শুক্রবার হতে প্রবল ভারীবর্ষণ ও অতিবৃষ্টির ফলে সুনামগঞ্জ, সিলেট, নেত্রকোণা এই তিন জেলা বন্যাপ্লাবিত হয় এবং উক্ত জেলা সমূহের অধিবাসীগণ চরম দুর্ভোগের শিকার হয়েছেন। উক্ত এলাকায় ০৪ টি মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের মোট ২,৫২৮ সাইট (বিটিএস) রয়েছে। বন্যাপ্লাবিত এলাকায় অবস্থিত ১,১৫৯ সংখ্যক সাইট সমূহ বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে বন্ধ হয়ে যাওয়ায় উক্ত সাইটভুক্ত এলাকায় মোবাইল নেটওয়ার্ক প্রাপ্তিতে প্রতিবন্ধকতা দেখা দেয়। মোবাইল অপারেটরদের প্রচেষ্টায় ও অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে গত ১৮/০৬/২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা পর্যন্ত মোট ১৫৭ টি সাইট পুনরায় সচল করা হয় এবং অবশিষ্ট সাইট সমূহ সচল করার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।


#### প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)  
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
২৬ অব নিউজ/ চীফ নিউজ এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

#### বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। সচিব, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৩। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে

  
১৯/০৬/২০২২

মো: জাকির হোসেন খান

উপ-পরিচালক

মিডিয়াকমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইথ

বিটিআরসি

যোগাযোগঃ ০২৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd